জালালাবাদ গ্যাস

প্রিপেইড গ্যাস মিটার ব্যবহার গ্রাহকদের সাশ্রয়ী, স্মার্ট ও টেকসই সমাধান।

বিনা কারণে গ্যাসের চুলা জ্বালিয়ে রাখা আর বিপদ ডেকে আনা একই বিষয়।

# প্রিপেইড গ্যাস মিটার ব্যবহার নির্দেশিকা



**Smart Gas Prepaid Meter**




# প্রিপেইড গ্যাস মিটার স্থাপন প্রকল্প

**জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ**
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট-৩১০০
ওয়েবসাইট: www.jalalabadgas.org.bd



## প্রিপেইড গ্যাস মিটার

এটি কন্টাক্টলেস স্মার্ট কার্ডভিত্তিক উন্নত প্রযুক্তিসম্পন্ন গ্যাস পরিমাপের ডিজিটাল মিটার। নিকটস্থ ভেন্ডিং স্টেশন (রিচার্জ পয়েন্ট) হতে স্মার্ট কার্ড অথবা মোবাইল অ্যাপের সাহায্যে ক্রেডিট কিনে প্রিপেইড মিটার রিচার্জের মাধ্যমে গ্যাস ব্যবহার করা যায়। মিটারটিতে একটি ডিজিটাল ডিসপ্লে রয়েছে; এর মাধ্যমে গ্যাস ব্যবহারের পরিমাণ, ব্যালেন্সসহ প্রয়োজনীয় তথ্যাদি জানা যায়। এটি ব্যাটারি চালিত: স্বয়ংক্রিয় নিয়ন্ত্রক ভাল্বের মাধ্যমে গ্যাস সরবরাহ, চালু ও বন্ধ করার সুবিধা রয়েছে।


## প্রিপেইড গ্যাস মিটারের সুবিধাসমূহ

- গ্রাহক যতটুকু গ্যাস ব্যবহার করবে রিচার্জকৃত অর্থ হতে ততটুকু বিল কাটা হবে (pay-as-you-go), রিচার্জকৃত অবশিষ্ট অর্থ ব্যালেন্স হিসেবে জমা থাকবে;
- প্রতিটি চুলার (সিঙ্গেল/ডাবল বার্নার) জন্য পৃথক প্রিপেইড মিটার স্থাপন করার কারণে ব্যবহারের ক্ষেত্রে flexibility রয়েছে;
- গ্যাস বিল বকেয়াজনিত খেলাপী গ্রাহক হওয়ার কোন সম্ভাবনা নেই;
- ট্যারিফ পরিবর্তনের কারনে বর্ধিত জামানতের প্রয়োজন নেই;
- ক্রেডিট শেষ হয়ে গেলেও ইমারজেন্সি ব্যালেন্স সুবিধা থাকায় নিরবিচ্ছিন্ন গ্যাস সরবরাহ চালু থাকবে;
- স্মার্ট মোবাইল ফোনে মোবাইল অ্যাপ ব্যবহার করে ঘরে বসে মোবাইল ফাইন্যান্সিয়াল সিস্টেম (যেমন: উপায়, বিকাশ, ইত্যাদি)র মাধ্যমে মিটার রিচার্জ করার সুযোগ থাকবে:
- প্রিপেইড গ্যাস মিটার এর জন্য এককালীন কোন অর্থ প্রদান করতে হবে না, প্রতিমাসে প্রথম রিচার্জ এর সময় নির্ধারিত মিটার ভাড়া আদায় করা হবে;
- সর্বোপরি গ্রাহক সেবার মান বৃদ্ধি পাবে।

## "POS" সেন্টার এর মাধ্যমে মিটার রিচার্জ করার পদ্ধতি

**১ম ধাপ**

আপনার স্মার্ট কার্ডটি নিয়ে নিকটস্থ **"POS"** সেন্টারে চলে আসুন।



**২য় ধাপ**


আপনার স্মার্ট কার্ড এবং রিচার্জ এর সমপরিমাণ টাকা **"POS"** সেন্টারের প্রতিনিধির নিকট প্রদান করুন।

**৩য় ধাপ**

**"POS"** সেন্টারের প্রতিনিধি আপনাকে টাকার রশিদসহ স্মার্ট কার্ডটি রিচার্জ শেষে ফেরত দেবেন।


**৪র্থ ধাপ**

স্মার্ট কার্ডটি মিটারের গায়ে NFC চিহ্নের উপর ধরুন।




**৫ম ধাপ**

এরপর মিটারের টাচ বাটনটি একবার চাপুন।




**৬ষ্ঠ ধাপ**

ডিসপ্লেতে প্রথমে C লিখা আসবে, এবং HELLO লিখা না আসা পর্যন্ত কার্ডটি ধরে রাখুন।




**৭ম ধাপ**


সফলভাবে রিচার্জ সম্পন্ন হলে, ক্রয়কৃত গ্যাসের পরিমাণ ডিসপ্লেতে প্রদর্শিত হবে।







## GPRS পদ্ধতিতে মোবাইল অ্যাপের মাধ্যমে মিটার রিচার্জ করার পদ্ধতি

### ১ম ধাপ ঃ রেজিস্ট্রেশন এবং লগইন





১। প্রথমে লগইন পেজ থেকে Registration অপশনে ক্লিক করুন।
২। আপনার Phone Number, Verification Code, User Name এবং Password দিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করুন।
৩। Registration সম্পন্ন হলে User Name এবং Password দিয়ে অ্যাপ এ লগইন করুন।

### ২য় ধাপ ঃ অ্যাপ এ মিটার সংযুক্ত করার পদ্ধতি




১। লগইন করার পর অ্যাপস এ Add Meter পেজে আপনার নতুন মিটার নাম্বারটি অ্যাড করুন।
২। প্রযোজ্য টেক্সট বক্সে Meter Number এবং Prepaid Code লিখে Confirm বাটন চাপুন ।
৩। মিটার সংযুক্ত হলে মিটারের যাবতীয় তথ্য স্বয়ংক্রিয়ভাবে ডিসপ্লেতে প্রদর্শিত হবে।
৪। একাধিক মিটার সংযুক্ত করতে User Management option ( ) → Facility Management → ক্লিক করুন।

### ৩য় ধাপ ঃ রিচার্জ পদ্ধতি




১। মিটার ইনফরমেশন পেজের Pay অপশনে ক্লিক করুন।
২। ডিসপ্লেতে গ্রাহকের তথ্য প্রদর্শিত হবে।
৩। টাকার পরিমাণ উল্লেখ করে কনফার্ম বাটন চাপুন।
৪। অতঃপর আপনার পছন্দের পেমেন্ট অপশন সিলেক্ট করে পেমেন্ট সম্পন্ন করুন।
৫। পেমেন্ট সম্পন্ন হলে, একটি নির্দিষ্ট সময়ে মিটার অনলাইনের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে ক্রয়কৃত গ্যাসের পরিমাণ মিটার যোগ করবে। অথবা,
৬। তাৎক্ষণিকভাবে ক্রয়কৃত গ্যাসের পরিমাণ মিটারে যোগ করতে চাইলে মিটারের টাচ বাটনটি পাঁচ সেকেন্ড চেপে ধরুন। মিটার অনলাইনের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে ক্রয়কৃত গ্যাসের পরিমান মিটারে যোগ করবে।

## "POS" সেন্টারে না গিয়ে NFC এনাবেল্ড হ্যান্ডসেটের সাহায্যে ঘরে বসে মিটার রিচার্জ পদ্ধতি

বিশেষ দ্রষ্টব্য : "GPRS পদ্ধতিতে মোবাইল অ্যাপের মাধ্যমে মিটার রিচার্জ করার পদ্ধতি" এর ১ম ধাপ: রেজিস্ট্রেশন এবং লগইন, ২য় ধাপ: অ্যাপ এ মিটার সংযুক্ত করার পদ্ধতি ও ৩য় ধাপ: রিচার্জ পদ্ধতি, সম্পন করে নিম্ন বর্ণিত পদ্ধতি অনুসরণ করুন।

১। পেমেন্ট সম্পন্ন হলে, রিচার্জ টোকেন NFC কার্ডে রাইট করতে আপনার কার্ডটি স্মার্ট ফোনের সাথে স্পর্শ করান।
২। কার্ডে টোকেন রাইট সম্পন্ন হলে ডিসপ্লেতে Write Token Success লিখা আসবে।
৩। স্মার্ট কার্ডটি মিটারের গায়ে NFC চিহ্নের উপর ধরুন, এরপর মিটারের টাচ বাটনটি একবার চাপুন। ক্রয়কৃত গ্যাসের পরিমাণ মিটারে যোগ হবে।




## মিটারের ডিসপ্লে পরিচিতি


| ডিসপ্লে সংকেত | পরিচিতি | ডিসপ্লে সংকেত | পরিচিতি |
|---|---|---|---|
| n ICC0001 | মিটারের ভার্সন | 12:36:29 | সময় |
| 56.78 | ব্যবহারযোগ্য গ্যাসের পরিমাণ | C | স্মার্ট কার্ডটি তথ্য আদান প্রদান করছে |
| 13456.72 | এযাবৎব্যবহৃত গ্যাসের পরিমাণ | HELLO | তথ্য আদান প্রদান সম্পন্ন হয়েছে |
| 56.12 | মিটারে রিচার্জ পরিমাণ | CLOSE | মিটারের ভালভ বন্ধ |
| NO. 1234567 | মিটার নাম্বার | OPEN | মিটারের ভালভ খোলা |
| 23-03-13 | তারিখ | ----- | অনলাইন কমিউনিকেশন শুরু হয়েছে |



## জরুরি অবস্থা বা এলার্ম সংকেত

| এলার্ম সংকেত | কারণ | করণীয় |
|---|---|---|
| E-03 | অভ্যন্তরীণ গ্যাস পাইপ লাইনে লিকেজ থাকলে। | অভ্যন্তরীণ পাইপ লাইনের চাবি বন্ধ করে দ্রুত জালালাবাদ গ্যাস অফিসে যোগাযোগ করে লিকেজ মেরামতের ব্যবস্থা নিন। |
| E-24 | সিসমিক সেন্সরে জোরালো ভূমিকম্প অনুভূত হলে কিংবা মিটারে জোরে ধাক্কা লাগলে। | জালালাবাদ গ্যাস অফিসের টেকনিক্যাল সাপোর্ট সেন্টারে যোগাযোগ করুন। |

## মিটারের ডিসপ্লেতে সংকেত পরিচিতি




| সংকেত | পরিচিতি | সংকেত | পরিচিতি |
|---|---|---|---|
| | ত্রুটি/ফল্ট | NO. | মিটার নাম্বার |
| | সময় | | মিটারের ভালভ বন্ধ |
| | এযাবৎ ব্যবহৃত গ্যাসের পরিমাণ | | মিটারের ভালভ খোলা |
| | সেফটি লক | | ব্যাটারি |
| | মিটারে সর্বশেষ রিচার্জ পরিমান | | ব্যাটারির আয়ুষ্কাল শেষ |
| | ব্যবহারযোগ্য গ্যাসের পরিমাণ | | নেটওয়ার্ক সিগনাল |


## ইমার্জেন্সি ব্যালেন্স

মিটারের ব্যালেন্স শেষ হয়ে গেলে আপনি তাৎক্ষণিকভাবে ইমার্জেন্সি ব্যালেন্স গ্রহণ করতে পারবেন। ইমার্জেন্সি ব্যালেন্স শেষ হবার পূর্বে মিটারে গ্যাস রিচার্জ করুন। প্রতি রিচার্জে পরপর দুইবার ইমার্জেন্সি ব্যালেন্স নেয়া যাবে না।

## ইমার্জেন্সি ব্যালেন্স গ্রহণের পদ্ধতি

### ১ম ধাপ

মিটারের ব্যালেন্স শেষ হয়ে গেলে, মিটারের টাচ বাটনটি একবার চাপ দিন।




### ২য় ধাপ

ডিসপ্লেতে "OPEN" লিখা আসবে এবং গ্যাস সরবরাহ চালু হবে।






## বিশেষ নির্দেশনা

১। মিটার প্রিপেইড সিস্টেমের সাথে সংযুক্ত হওয়ার সাথে সাথে প্রাথমিকভাবে ইমার্জেন্সি ব্যালেন্স প্রদান করা হবে, যাতে গ্রাহকদের গ্যাস সরবরাহ অব্যাহত থাকে।
২। প্রতি মাসে একবার কার্ড রিচার্জের সময় মিটার ভাড়া আদায় করা হবে।
৩। স্মার্ট প্রযুক্তির এ মিটারটির ডিজাইন লাইফ ১০ বছর এবং সরবরাহকারীর ওয়ারেন্টি পিরিয়ড ০৩ বছর। ওয়ারেন্টি পিরিয়ডের মধ্যে কারিগরী কারণে মিটারে ত্রুটি দেখা দিলে তা জেজিটিডিএসএল কর্তৃক বিনামূল্যে প্রতিস্থাপনযোগ্য হবে।
৪। সরবরাহকৃত স্মার্ট কার্ডটি হারিয়ে গেলে পুনরায় পেতে সর্বশেষ প্রদানকৃত বিলের ফটোকপি এবং সংশ্লিষ্ট থানায় জিডি এন্ট্রি এর কপিসহ "সংশ্লিষ্ট আবিকা প্রধান" বরাবর গ্রাহকের আবেদনের প্রেক্ষিতে নির্দিষ্ট ফি পরিশোধ সাপেক্ষে একটি ডুপ্লিকেট স্মার্ট কার্ড ইস্যু করা হবে।
৫। গ্যাস মিটারের টাচ বাটনটি অযথা চাপাচাপি করা যাবে না। এতে ব্যাটারির আয়ুষ্কাল দ্রুত নিঃশেষ হয়ে যাবে। মূল্যবান এই মিটারটি ব্যবহারের যত্নশীল হোন।
৬। আপনার গ্যাস সংযোগটি প্রিপেইড সিস্টেমে রূপান্তরের পূর্বের বকেয়া গ্যাস বিলের অর্থ (যদি থাকে) কোম্পানির প্রচলিত নিয়মে পরিশোধ করতে হবে।
৭। আপনার আঙ্গিনায় স্থাপিত প্রিপেইড গ্যাস মিটারটি জালালাবাদ গ্যাসের নিজস্ব সম্পত্তি। মিটারের নিরাপত্তা ও রক্ষণাবেক্ষণ সার্বিকভাবে গ্রাহকের দায়িত্ব।
৮। মিটারের কোন প্রকারের ক্ষতি সাধন বা অবৈধ হস্তক্ষেপ করা শাস্তিযোগ্য অপরাধ। এরূপ ক্ষেত্রে জালালাবাদ গ্যাস কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে গ্যাস আইন - ২০১০ ও গ্যাস বিপণন নিয়মাবলি - ২০১৪ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

## প্রিপেইড মিটার সংক্রান্ত গ্রাহক সেবা

১। প্রিপেইড মিটার সংক্রান্ত যে কোন গ্রাহক সেবার জন্য যোগাযোগ করুন টেকনিক্যাল সাপোর্ট সেন্টার (TSC)
ঠিকানা : জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ ;গ্যাস ভবন (নিচ তলা) মেন্দিবাগ, সিলেট-৩১০০

২। জরুরি নাম্বার সমূহ

| | | |
|---|---|---|
| ২৪ ঘন্টা জরুরি গ্রাহক সেবা | | ০১৩১৪-৭১৬২৮৯ |
| | | ০১৩১৪-৭১৬৩৭৪ |
| ব্যবস্থাপক/আবিকা প্রধান | আবিকা সিলেট-পূর্ব | ০১৭৩০-৩১২০৭৯ |
| | আবিকা সিলেট-পশ্চিম | ০১৭৩০-৩১২০৮০ |
| | আবিকা সিলেট-উত্তর | ০১৭৩০-৩১২০৭৪ |
| | আবিকা সিলেট-দক্ষিণ | ০১৭৩০-৩১২০৮১ |
| প্রিপেইড গ্যাস মিটার স্থাপন প্রকল্প | | ০১৯১২-২৪৯৭৪৯ |
| | | ০১৭১১-৯৭৩৬৮৬ |
| | | ০১৬৭৬-৮৯৩১১৩ |
| | | ০১৭২১-৮৬৪৬৯৭ |
| হট লাইন | | ১৬৫১১ |

প্রিপেইড গ্যাস মিটার সংক্রান্ত যে কোন তথ্য জানতে জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ -এর ওয়েবসাইট : www.jalalabadgas.org.bd ভিজিট করুন অথবা QR কোডটি স্ক্যান করুন।

জালালাবাদ গ্যাস

**জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ**
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট-৩১০০
ওয়েবসাইট: www.jalalabadgas.org.bd